

নবম দিনের মতো সর্বাত্মক কর্মবিরতিতে জবি শিক্ষকরা

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: মঙ্গলবার, ০৯ জুলাই ২০২৪



অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত পেনশন সংক্রান্ত বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার, প্রতিশ্রুত সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতনক্ষেত্র প্রবর্তনের দাবিতে সর্বাত্মক কর্মবিরতি পালন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) কর্মরত শিক্ষকরা।

আজ মঙ্গলবার ভাষা শহীদ রফিক ভবনের সামনে শিক্ষকেরা অস্থায়ী প্যান্ডেল অবস্থান নিয়ে কর্মসূচি পালন করেন। তাঁরা বেলা একটা পর্যন্ত সেখানে অবস্থান করেন।

এবিষয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান বলেন, পহেলা জুলাই থেকে বাংলাদেশ শিক্ষক সমিতির সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি-অবস্থান কর্মসূচি পালন করছে। আমাদের তিনটি দাবিতে আন্দোলন চলছে। শিক্ষকদের প্রত্যয় ক্ষিম বাতিল, প্রতিশ্রুত সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন করা।

সরকারের প্রতি সদয় বিবেচনা করে তিনি আরও বলেন, আমাদের এ দাবিগুলো মেনে নিয়ে ক্লাস রুমে ফিরে যাওয়ার পথ সুগম করবেন। আমাদের এ আন্দোলন সরকারের বিরুদ্ধে নয়, আমাদের আন্দোলন বৈষম্যের বিরুদ্ধে, আমাদের অধিকারের আন্দোলন এবং শিক্ষার্থীদের জন্য এ আন্দোলন। শিক্ষকতা পেশায় মেধাবী শিক্ষার্থীদের উৎসাহ এবং

তাদের এ পেশায় সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্যই আমাদের আন্দোলন চলমান থাকবে।

উল্লেখ্য, সর্বজনীন পেনশন ক্ষিমের আগের চারটি ক্ষিমের সঙ্গে 'প্রত্যয় ক্ষিম' নামের একটি প্যাকেজ চালু করেছে অর্থ মন্ত্রণালয়। এতে সব ধরনের স্বশাসিত, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ব, সংবিধিবন্ধ বা সমজাতীয় সংস্থা এবং তাদের অধীনস্থ অঙ্গপ্রতিষ্ঠানগুলোতে ২০২৪ সালের ১ জুলাই পরবর্তী সময়ে যোগ দেয়া কর্মকর্তা বা কর্মচারীরা সর্বজনীন পেনশন ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত হবেন।